

গত ২৯/০৫/২০১২, তারিখে চালুকৃত বাংলাদেশ রেলওয়ের ই-টিকেটিং সিস্টেমে টিকেট ক্রয়ের
নিয়মাবলী/পদ্ধতি।

Registration প্রক্রিয়াঃ (শুধুমাত্র একবার করতে হবে।)

- ১। প্রথমে www.railway.gov.bd ওয়েবসাইট প্রবেশ করতে হবে।
- ২। ওয়েবসাইটে ঢুকে “Purchase e-ticket” বাটনে ক্লিক করতে হবে।
- ৩। Bangladesh Railway এবং CNS Ltd. লেখা ও লোগো সম্বলিত একটি নতুন ওয়েবসাইট খুলে যাবে।
- ৪। ওয়েবসাইটটির নীচের দিকে “Sign up” বাটনে ক্লিক করতে হবে।
- ৫। “Create an Account” নামের নতুন একটি Page আসিবে। এখানে “Personal Information” এবং “Extra Information” এর সংশ্লিষ্ট ঘরগুলো প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে পূরণ করতঃ Security code এর ঘরের পাশে প্রদর্শিত “Security Code” দিয়ে পূরণ করে Register বাটনে ক্লিক করতে হবে।
- ৬। সকল তথ্যাদি সঠিক থাকলে “Registration Successful” নামে নতুন একটি Page আসবে।
- ৭। ই-টিকেটিং সিস্টেম থেকে তাৎক্ষণিকভাবে আপনার প্রদত্ত ই-মেইল ঠিকানা Bangladesh Railway এর তরফ থেকে একটি ই-মেইল পাঠানো হবে।
- ৮। আপনার ই-মেইল এর মেসেজ বক্সে Bangladesh Railway প্রদত্ত ই-মেইলটি খুলতে হবে। মেসেজের ভিতর রক্ষিত “Click” লিংকটিতে ক্লিক করতে হবে। এ প্রক্রিয়ার পর যাত্রীর Registration প্রক্রিয়াটি সম্পূর্ণ হবে।

ক্রয় প্রক্রিয়াঃ

- ১। প্রথমে www.railway.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করতে হবে।
- ২। ওয়েবসাইটে ঢুকে “Purchase e-ticket” বাটনে ক্লিক করতে হবে।
- ৩। Bangladesh Railway এবং CNS Ltd. লেখা ও লোগো সম্বলিত ওয়েবসাইট খুলে যাবে।
- ৪। “Log in” এর প্যানেলে ই-মেইল ঠিকানা, পাসওয়ার্ড এবং সিকিউরিটি কোড পূরণ করতঃ “Log in” বাটনে ক্লিক করতে হবে।
- ৫। এরপর যে Pageটি আসবে তাতে “Purchase ticket” বাটনে ক্লিক করতে হবে।
- ৬। এখানে যে Pageটি আসবে সে Page এ আপনার চাহিত ভ্রমণ তারিখ, প্রারম্ভিক স্টেশন, গন্তব্য স্টেশন, ট্রেন এর নাম, শ্রেণী, টিকেট সংখ্যা যেভাবে রয়েছে তা পূরণ করতে হবে। পূরণ শেষে সার্চ বাটনে ক্লিক করতে হবে। এর পরের পেইজে “Registration Seat Available” দ্বারা চাহিত টিকেট এবং এর মূল্যমান জানিয়ে দেয়া হবে। টিকেট থাকলে “Purchase ticket” বাটনে ক্লিক করতে হবে।
- ৭। ক্রেডিট কার্ড, ক্যাশ কার্ড কিংবা ব্রাঞ্চ ব্যাংকের একাউন্ট মারফত যাত্রীর জমাকৃত টাকা থেকে টিকেট মূল্য কেটে যাত্রীর ই-মেইল ই-টিকেটটি পাঠিয়ে টিকেট নিশ্চিত করা হবে।
- ৮। ই-মেইল মেসেজ বক্স থেকে প্রেরিত টিকেটটির প্রিন্ট নিয়ে ফটো আইডিসহ ই-টিকেট প্রদত্ত “Ticket Print Information” প্রদান করে সংশ্লিষ্ট স্টেশন থেকে ছাপানো টিকেট সংগ্রহ করিতে হবে।